

শ্রীশ্রীহরি সঙ্গীত

১৮ নং তাল-ঠুংরী

যদি যাবি ওপার, কর *শ্রীগুরু কাণ্ডারী হরি নামের তরী
হরি বলে তরী খোল এবার ॥

- ১। যুতের হালের কাঁটা ধরি এক নিরিখে ধর পাড়ি (মন আমার)
ওরে অনুরাগের দাঁড় মারি, হরি নামের সারি গাও অনিবার ॥
- ২। প্রেমবায়ু উঠবে মনের গুণে; ভক্তি বাদাম দাওরে টেনে।
তোল সাধন মাস্তুল সযতনে, গুণের ডুরি লাগাওরে তার ॥
- ৩। ঐহিক সুখে দিয়ে মাত্রা, কররে মন ভব যাত্রা।
কর সাধু সঙ্গে শুভ যাত্রা, পাবিরে আনন্দ বাজার ॥
- ৪। এই সকালে ধর পাড়ি, সাধু মহাজন বহর ধরি।
তবে অনায়াসে উঠবে পাড়ি, জলের বাড়ি লাগবেনা আর ॥
- ৫। গৌসাই গুরুচাঁদকে কর নেয়ে, মহানন্দে যাওরে বেয়ে।
ওরে অশ্বিনী তুই কি সুখ পেয়ে, ভুলে র'লি ভবে এবার ॥

১৯ নং তাল-ঠুংরী

ওড়াকান্দি প্রেম বারুণী প্রেমের মেলা দে'খসে আয়।
দেখবি যদি নাই বিবাদী পাগলচাঁদ আছে সহায় ॥

- ১। গৌরলীলা সাজ করি, ওড়াকান্দি এলেন হরি দয়াময়।
প্রভুর কড়ার ছিল মায়ের সনে গো ঠেকে এলেন ভক্তের দায় ॥
- ২। প্রভুর পিতা হন যশোমন্ত, শুদ্ধশাস্ত একান্ত সদাশয়।
প্রভুর শিক্ষাগুরু রামকান্ত (গো) যাঁর বরেতে জন্ম লয় ॥
- ৩। সাজোপাজ লয়ে সঙ্গে, উদয় হলেন পরম রঙ্গে পুনরায়।
প্রভুর প্রিয় ভক্ত বিশ্বনাথ (গো) ব্রজনাটু সঙ্গে রয় ॥

* শ্রীগুরু-পূর্ণব্রহ্ম হরিচাঁদের প্রথম পুত্র।